

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। নিষ্কাম পথ্য কর বিধান, তবে কর ঔষধি পান।
কাম পথ্য স্পর্শিলে প্রাণ, অবশ্য হবে পতন ॥
- ৫। তারকচাঁদ কয় বারে বারে, পথ্য ঠিক না করলে পরে।
কিসে ভব ব্যাধি সারে, অশ্বিনী তুই অভাজন ॥

১৫ নং তাল-গড়খেমটা

হরিবল বলরে একবার, নেশা ছুটবে না গো আর।
নামামৃত পান করিলে, পাবি কি বাহার ॥

- ১। তত্ত্ব জানি ত্রিপুরারী পঞ্চমুখে বলে হরি।
সোনার কাশী ত্যজ্য করি, পাগল দিগম্বর ॥
- ২। চতুর্মুখে পদ্মায়োনী, হরি বলে দিন রজনী।
বীণা যন্ত্রে নারদ মুনি, জপের অনিবার ॥
- ৩। হরিনামের তুল্য দিতে, কি আছে অবনীতে।
হরি হ'তে হরিনামের, মহিমা অপার ॥
- ৪। হরিনাম সুধাসিন্ধু পান করিলে তার একবিন্দু।
অনায়াসে ভবসিন্ধু, হ'য়ে যাবি পার ॥
- ৫। দয়াল মহানন্দ বলে, অশ্বিনী তুই এই সকালে।
হরি বলে তরী খুলে চল প্রেম বাজার ॥

১৬ নং তাল-গড়খেমটা

আমার মন বড় দুরাশা।

বামন হ'য়ে হাত বাড়ায়ে, চাঁদ ধরিতে কর প্রত্যাশা ॥

- ১। যেন তেন চন্দ্র নয়রে, তমঃ সন্দ নাশা;
দেব দৈত্য নর, কীটাদি আর, যে চাঁদের করে ভরসা ॥
- ২। যোগী ঋষি দিবানিসি যে চাঁদ বলে নেশা,
যে চাঁদ লাগি সর্বব্যাগী শ্বাসানে শিব বাঁধছে বাসা ॥

* প্রত্যহ 'শ্রীশ্রীহরিলীলামৃত' পাঠ করুন।